

সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২

শিয়ালকোল, সিরাজগঞ্জ

E-mail:

Sirajgonjpbs02@gmail.com

নম্বর ২৭.১২.৮৮৭৮.৫৭৩.০২.০০৮.২১.৪৬৫৪

তারিখ: ২৩ শ্রাবণ ১৪২৮

০৭ আগস্ট ২০২১

নিয়োগ বিজ্ঞপ্তি

বিষয়: আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক) পদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রসংগে।

সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২-এ মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্তে আগ্রহী অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণের নিকট হইতে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আবেদন পত্র আহ্বান করা হইতেছে। আবেদনকারীর যোগ্যতা সংক্রান্ত তথ্য নিম্নরূপঃ

ক্রঃ নং	পদের নাম	বেতন ও অন্যান্য ভাতাদি	প্রার্থীর যোগ্যতা
০১	মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)	<p>বাপবিবোর্ডের স্মারক নম্বরঃ ২৭.১২.০০০০.১১০.৬২.০০২. ১৯.২৬৫৬, তারিখঃ ০৯/১০/২০১৯খ্রিঃ</p> <p>মোতাবেক পূর্বতন পবিসে ০৯ বছর (০৩ টি) চুক্তি সমাপ্তির পর সংশ্লিষ্ট পবিসের শেষ বেতনের প্রত্যায়ন পত্র অনুযায়ী মূলবেতন ও অন্যান্য ভাতাদি প্রযোজ্য হইবে।</p>	<p>বয়স সীমাঃ প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ৫২ (বায়ান্ন) বছর (২২/০৮/২০২১খ্রিষ্টাব্দ তারিখে)। তবে সর্বোচ্চ ০৯ বছরের চুক্তি বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যাহা আগে আসে) চাকুরী করিতে পারিবেন।</p> <p>অভিজ্ঞতাঃ আগ্রহী প্রার্থীগণের মিটার রিডার /ম্যাসেঞ্জার / মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক) পদে ০৩ বছর/ ০৬ বছর/ ০৯ বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকিতে হইবে। বাপিবিবোর্ডের স্মারক নম্বরঃ ২৭.১২.০০০০.১১০.৫৮০.০১.১৮.৩৬২৫, তারিখঃ ১২/১১/২০১৮খ্রিঃ তারিখের নির্দেশনা অনুসরণ করিয়া চাকুরীকাল (On the job Service Length) বিবেচনা করতঃ জৈষ্ঠ্যতা নির্ধারণ পূর্বক নিয়োগ/প্যানেল প্রস্তুত করা হইবে।</p> <p>অন্যান্য যোগ্যতাঃ</p> <p>(ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে।</p> <p>(খ) প্রার্থীর নিজস্ব বাই সাইকেল থাকতে হবে এবং বাই সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।</p> <p>(গ) প্রার্থীকে পাটিগণিতের মৌলিক বিষয় অর্থাৎ যোগ, বিয়োগ, গুন, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে।</p>

শর্তাবলীঃ

০১। সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ওয়েবসাইট www.pbs2.sirajganj.gov.bd হতে ডাউনলোড অথবা সিরাজগঞ্জ পবিস-২ এর সদর দপ্তর অথবা সকল পল্লী বিদ্যুৎ সমিতি সমূহের সদর দপ্তর হতে নির্ধারিত আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২, ভার্সন-০১) সংগ্রহ পূর্বক নিজ হাতে পূরণ করে আগামী ২২/০৮/২০২১ খ্রিঃ অফিস চলাকালীন সময় এর মধ্যে জেনারেল ম্যানেজার, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২, শিয়ালকোল, সিরাজগঞ্জ বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র বা অসম্পূর্ণ/ভুল আবেদন পত্র গ্রহণযোগ্য হবে না।

০২। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ

(ক) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্রের সত্যায়িত ফটোকপি।

(খ) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঞ্জীন ছবি।

(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।

(ঘ) স্থানীয় ইউপি চেয়ারম্যান/পৌরসভা মেয়র/সিটি কর্পোরেশনের মেয়র এর নিকট হতে নাগরিকত্ব সনদপত্র।

(ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(চ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত “অভিজ্ঞতা সনদ” যা এজিএম (এইচআর/প্রশাসন) কর্তৃক সত্যায়িত থাকতে হবে।

০৩। নির্বাচিত প্রার্থীর ০৩ (তিন) বছরের চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথম পক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষের কর্মমূল্যায়ন করা হবে। কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ সমাপ্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে ন্যূনতম ০১/০২ (এক/দুই) টি কর্মদিবস বিরতি দিয়ে একই সমিতিতে পরবর্তী ০৩(তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদিত হবে। অতঃপর একইভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদিত হবে। তবে সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে।

০৪। নিয়োগ প্রাপ্ত প্রার্থীকে অত্র সমিতির অনুকূলে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফাসহ ফেরত দেয়া হবে।

০৫। অভিজ্ঞতা সনদ পত্রে উল্লেখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন/করছেন) উল্লেখ করতে হবে।

০৬। যে সকল প্রার্থী ইতোপূর্বে অত্র পবিসে মিটার রিডার (চুক্তি ভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক)/মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক) পদে ০৯ বছর কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।

০৭। অত্র পবিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগণের রক্ত সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীগণের রক্ত সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

০৮। চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বেই কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে শৃঙ্খলাজনিত কারণে বা স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/বরখাস্ত/চাকুরীচ্যুত/দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ড প্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।

০৯। দুই বা ততোধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পরবেন। দুই সহোদর নিয়োগ প্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমানিত হলে নিয়োগ প্রাপ্ত উভয়ের চুক্তিই বাতিল করা হবে।

১০। প্রতারনামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্ত করণ সহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ

করা হবে।

১১। বাপবিবোর্ডের সর্বশেষ নীতিমালার আলোকে প্যানেল প্রস্তুত করা হবে।

১২। বর্ণিত শর্তাবলী ছাড়া অন্য কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। যে সকল প্রার্থীর স্থায়ী ঠিকানা সিরাজগঞ্জ জেলা তারা আবেদন করতে পারবেন না।

১৪। চুক্তি ভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম ম্যাসেঞ্জারগনের চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ের মধ্যেই বলবৎ থাকবে, যা কখনই কোনক্রমেই/কোন কারনেই নিয়মিত করা হবে না।

১৫। চুক্তিতে নিয়োজিত মিটার রিডার কাম ম্যাসেঞ্জারগণ কোন বিদ্যুৎ সংক্রান্ত ব্যবসা, রাজনীতি, অন্য কোন প্রতিষ্ঠানে চাকুরীতে সার্বক্ষনিক বা খন্ডকালীনভাবে থাকতে বা নিয়োজিত হতে পারবেন না।

১৬। নিয়োগের ক্ষেত্রে অধিক অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার দেয়া হবে।

১৭। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



৭-৮-২০২১

অখিল কুমার সাহা

জেনারেল ম্যানেজার

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)(সদয় অবগতি ও আপনার অফিস/দপ্তরের নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ)
।

১) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।

২) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উত্তর অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।

৩) পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।

৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ) ।

৫) একান্ত সচিব, সদস্য (সমিতি ব্যবস্থাপনা) এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।

৬) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, ----- পবিস-১/২/৩/৪ (বিজ্ঞপ্তি ও আবেদন ফরম আপনার পবিসের প্রশাসন/মানব সম্পদ বিভাগে সংরক্ষণপূর্ক প্রার্থীদের চাহিদা মোতাবেক সরবরাহের অনুরোধসহ)

৭) ডিজিএম (কাজিপুর/সদর-কারিগরী/বেলকুচি), সিরাজগঞ্জ পবিস-২।

৮) এজিএম (অর্থ/এমএস/ওএন্ডএম/ইএন্ডসি), সিরাজগঞ্জ পবিস-২।

৯) এজিএম (ওএন্ডএম),তামাই/কামারখন্দ/পিপুলবাড়ীয়া সাব জোনাল অফিস, সিরাজগঞ্জ পবিস-২।

১০) জুনিয়র ইঞ্জিনিয়ার/সহঃ জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), আইটি বিভাগ, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের নির্দেশ সহ) ।

১১) নোটিশ বোর্ড, সিরাজগঞ্জ পবিস-২।



ISO 9001:2015 Certified

সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর
“মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)” পদে
প্যানেলভুক্তি/নিয়োগ লাভের জন্য আবেদন ফরম।
(সংশ্লিষ্ট প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

পাসপোর্ট সাইজের
এককপি ছবি এ ঘরে
আইকা/আঠা দিয়ে লাগিয়ে
ছবির উপরে ১ম শ্রেণীর
গেজেটেড কর্মকর্তা দ্বারা
সত্যায়িত করতে হবে।

জেনারেল ম্যানেজার
সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২
শিয়ালকোল, সিরাজগঞ্জ।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং-২৭.১২.৮৮৭৮.৫৭৩.০২.০০৮.২১.৪৬৫৪, তারিখঃ ০৭/০৮/২০২১খ্রিঃ ।

২.	আবেদনকৃত পদের নাম (বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)	৩.	পদের ধরণ
৪.	নিয়োগ বিজ্ঞপ্তির সূত্র	৫.	প্রকাশনার তারিখ
৬.	আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)	৭.	আবেদনকারীর পূর্ণ নাম (ইংরেজিতে বড় হাতের অক্ষরে)
৯.	জন্ম তারিখ (-----পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী)	৮.	বয়স (২২/০৮/২০২১খ্রিঃ তারিখে)
১০.	মাতার নাম	১১.	পিতার নাম
১১.	ধর্ম	১২.	জাতীয়তা
১৩.	নিজজেলা	১৪.	টেলিফোন/মুঠোফোন নম্বর

১৫. বৈবাহিক অবস্থা (টিক/দিন) :

<input type="checkbox"/>	অবিবাহিত	<input type="checkbox"/>	বিবাহিত
--------------------------	----------	--------------------------	---------

১৬. কোন কোটার সুবিধা প্রাপ্য হলে বক্সের ভিতরে খালি অংশে টিক (✓) দিনঃ

মহিলা	মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা	মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা	এতিম ও শারিরিক প্রতিবন্ধী	উপজাতি	আনসার ও গ্রাম প্রতিরক্ষা	অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানাঃ

গ্রাম/সড়ক/বাড়ী	ডাকঘর	উপজেলা/থানা	জেলা
------------------	-------	-------------	------

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/নিয়োগপত্র (নিয়োগপত্র পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

গ্রাম/সড়ক/বাড়ী	ডাকঘর	উপজেলা/থানা	জেলা
------------------	-------	-------------	------



১৯.

ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর

২০.

ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মূল্য

২১.

ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ইস্যুর তারিখ

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে):

উত্তীর্ণ পরীক্ষার নাম	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	সিজিপিএ/বিভাগ/শ্রেণী		সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর
		জিপিএ/সিজিপিএ	বিভাগ/শ্রেণী/গ্রেড	
এস,এস,সি/সমমান				
এইচিএস,সি/সমমান				
স্নাতক/সমমান				

২৩. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে): বছর।

২৪. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে):

নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা	চাকুরী/পদের নাম ও বেতনক্রম	যোগদানের তারিখ	চাকুরী পরিত্যাগের তারিখ

২৫. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত):

নাম, পদবী, পেশা, ঠিকানা, টেলিফোন/মুঠোফোন নম্বর এবং ই-মেইল নম্বর (যদি থাকে)
১।
২।

২৬. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য প্রদেয় হবে) :

কর্মরত পবিস এর নাম	পদের নাম	বর্তমান পদে মোট চাকুরীকাল	প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উত্তীর্ণ কিনা (হ্যাঁ/না) জবাব হলে সনদ যুক্ত করতে হবে।	পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদত্ত হলে প্রদত্ত দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ (গুরুদন্ড/লঘুদন্ড)

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছে তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদন পত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবে এবং আমার বিরুদ্ধে বাপবিবোর্ড কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহন করলে আমি মানতে বাধ্য থাকবো।

তারিখ

আবেদনকারীর স্বাক্ষর

